দৈনিক বাংলা

তারিখ 18 DEC 1991

পৃষ্ঠা ২ কলাম ২

জহুরুল হক হল ছাত্র সংসদের সাবেক জিএস আটক

# পলাশীর মোড়ে ছাত্র–পুলিশ সংঘর্ষ ঃ গুলি।। কাঁদানে গ্যাস

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় জহুরুল হক হল ছাত্র সংসদের সাবেক জিএস মোশাররফ হোসেন রাজাকে (২৬) মঙ্গলবার বিকালে গোয়েন্দা পুলিশ গ্রেফতার করে। এর জের হিসাবে রাতে পলাশী মোড়ে ছাত্রলীগ (শা–অ)–এর মিছিলকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়। পুলিশের প্রতি কয়েক রাউণ্ড গুলি বর্ষিত হয়। পুলিশ ২৫/৩০ রাউণ্ড কাঁদানে গ্যাস ব্যবহার করে।

ছাত্রদল নেতা মির্জা গালিব ও লিটন হত্যা মামলার অন্যতম আসামী ছাত্রলীগ (শা–অ) নেতা রাজাকে (২৬) সাকুরা রেস্তোরাঁর সামনে থেকে গ্রেফতার করা হয়। এ গ্রেফতারের প্রতিবাদে ছাত্রলীগ রাত নয়টার দিকে ক্যাম্পাস থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিল প্রেস–

(শেষ পৃঃ ৬–এর কঃ দঃ)

## জিএস আটক (প্রথম পৃঃ পর)

ক্লাবে আসার পথে পুলিশ কার্জন হল মোড়ে মিছিলের গতিরোধ করে। মিছিলটি এরপর বিভিন্ন শ্লোগান দিতে দিতে পলাশী মোড়ে যায়। পুলিশ এখানেও মিছিলের গতিরোধ করলে মিছিলকারীরা বিক্ষুব্ধ হয়ে ওঠে। এ সময় পুলিশের উদ্দেশে কয়েক রাউণ্ড গুলিবর্ষণ করা হয়। পুলিশ পাল্টা ২৫/৩০ রাউণ্ড কাঁদানে গ্যাস ছুঁড়ে মিছিল ছত্রভঙ্গ করে দেয়।

কাঁদানে গ্যাসের ঝাঁঝালো ধোঁয়া এস এম হলের ভেতর ছড়িয়ে পড়ে। ক্যান্টিনে ভাত খাওয়া অবস্থায় ছাত্ররা গ্যাসের তীব্রতায় খাওয়া রেখেই ছোটাছুটি শুরু করেন। কেউ কেউ অসুস্থ হয়ে পড়েন।